ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 2 ● Issue - 127 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ১২৭ ● কলকাতা ● ২৮ বৈশাখ, ১৪৩৩ ● মঙ্গলবার ● ১২ মে ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# সুজিত বসু গ্রেফতার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সল্টলেকের সিজিও কমপ্লেক্সে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর দফতরে সোমবার সকাল সাড়ে ১০টায় হাজিরা দিয়েছিলেন তিনি। প্রায় সাড়ে ১০ ঘণ্টা জেরার পরে রাতে কেন্দ্রীয় সংস্থাটির তরফে রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা তৃণমূল নেতা সুজিত বসুকে গ্রেফতার করার কথা জানানো হল।এমনকি, সুজিতের পুত্র সমুদ্র এবং পরিবারের অন্য সদস্যদেরও ডেকে পাঠিয়েছিল ইডি। তাঁদের বয়ানও সংগ্রহ করা হয়েছিল। বার বার তলবের মুখে সুজিত দাবি করেছিলেন, যে মামলায় তাঁকে তলব করা হচ্ছে, ওই মামলায় ইতিমধ্যে চার্জশিট জমা দিয়েছে আর এক কেন্দ্রীয় সংস্থা সিবিআই। কিন্তু সেই চার্জশিটে তাঁর নাম নেই বলে দাবি করেছিলেন সুজিত। কিন্তু শেষ পর্যন্ত ইডির 'জাল' এড়াতে পারলেন না তিনি। ইডির একটি সূত্রের খবর, সোমবার রাতেই শারীরিক পরীক্ষা হবে সুজিতের। তার পরে রাখা হবে হেফাজতে। মঙ্গলবার সকালে রাজ্যের প্রাক্তন দমকলমন্ত্রীকে আদালতে তুলবে ইডি।এর আগে গত ১ মে ইডির দফতরে হাজিরা দিয়েছিলেন তিনি। তবে ৪ মে, ভোটের

এরপর ৬ পাতায়




## পর্ব 286
## হিমালয়ের সমর্পণ যোগ



তিনি একটু গম্ভীর স্বভাবেরই ছিলেন। আমি তাঁকে কখনও হাসতে দেখিনি। কিন্তু চেহারা সৌম্য ছিল, আকর্ষক ছিল। লাঠির দরকার আছে এরকম মনে হত না, কিন্তু তাঁর লাঠির অভ্যাস ছিল। তিনি সর্বদা লাঠি নিয়েই চলতেন। কখনও কখনও তিনি শূণ্যে দেখতেন, যেন ভবিষ্যতে উঁকি দিচ্ছেন।

ক্রমশঃ

# মুখ্যমন্ত্রী শুভেন্দুর আপ্তসহায়ক চন্দ্রনাথের খুনে উত্তর প্রদেশ থেকে গ্রেফতার ৩ শার্প শুটার





স্টাফ রিপোর্টার, রোজদিন

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথ খুনের ঘটনায় বিগ ব্রেক। গ্রেফতার করা হল তিনজনকে। জানা গিয়েছে, উত্তর প্রদেশ থেকে গ্রেফতার করা হয়েছে তিনজন শার্প শুটার -কে। গ্রেফতার করে সিআইডি । গতকাল রাতেই তাদের গ্রেফতার করা হয়।প্রসঙ্গত, আগেই মনে করা হয়েছিল, চন্দ্রনাথের খুনের পিছনে বাইরের রাজ্যের যোগ থাকতে পারে। অত্যন্ত সুচারু পরিকল্পনার সঙ্গে চন্দ্রনাথকে খুন করা হয়েছিল। যে গাড়িটি ব্যবহার করা হয়েছিল, সেটির নম্বর প্লেট ভুয়ো ছিল। শিলিগুড়ির এক বাসিন্দা ওএলএক্সে বিজ্ঞাপন দিয়েছিলেন গাড়ি বিক্রির। সেই ছবি দেখে নকল নম্বর প্লেট বানায় আততায়ীরা। গ্রেফতারের পর নিয়ে আসা হয়েছে কলকাতায়। রাতভর ভবানী ভবনে জেরা করা হয় ধৃতদের। আজ বারাসত আদালতে তোলা হচ্ছে ধৃতদের।

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়ে বিজেপি ক্ষমতায় আসার পরই হামলা হয় শুভেন্দু অধিকারীর আপ্তসহায়কের উপরে। মুখ্যমন্ত্রী হিসাবে শুভেন্দু অধিকারীর শপথ নেওয়ার আগেই, ৬ মে রাতে মধ্যমগ্রামের রাস্তায় গুলি করে খুন করা হয় তাঁর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথকে। খুব কাছ থেকে পরপর চারটি গুলি করা হয়। বুকে, হাতে গুলি লাগে চন্দ্রনাথের। এরপরে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়।

চন্দ্রনাথ হত্যার তদন্তে নেমেছে সিআইডি ও এসটিএফ। গতকালই তাদের হাতে বড় ক্লু এসেছিল। জানা গিয়েছিল, আততায়ীরা ইউপিআই পেমেন্টের মাধ্যমে বালি টোল প্লাজায় টাকা দিয়েছিল। ওই ডিজিটাল লেনদেনের সূত্র ধরেই তল্লাশি শুরু করে তদন্তকারীরা। সেই সূত্র ধরেই উত্তর প্রদেশে পৌঁছন।

গতকালই অভিযান চালিয়ে উত্তর প্রদেশ থেকে তিনজন শার্প শুটারকে গ্রেফতার করা হয়। খুনের পর অভিযুক্তরা পালিয়ে গিয়েছিল ওখানে। রাতে তাদের কলকাতায় আনা হয়। রাতভর ভবানী ভবনে জেরা চলে। তদন্তকারীরা জানার চেষ্টা করছেন যে এই শার্প শুটারদের কে বা কারা ভাড়া করেছিল? কেনই বা টার্গেট করা হয়েছিল শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ককে।

# 'কোনও সরকারি চালু প্রকল্পের সুবিধা বন্ধ হবে না', বড় ঘোষণা মুখ্যমন্ত্রী শুভেন্দুর

স্টাফ রিপোর্টার, রোজদিন



সোমবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্ত্রিসভার বৈঠক করেন। সেখানে মোট ৬টি সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেখানে ছিলেন নবনির্বাচিত পাঁচ মন্ত্রী। আর ছিলেন নানা প্রশাসনিক কর্তাব্যক্তিরা। ক্যাবিনেট বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এখান থেকেই তিনি জানিয়ে দেন, রাজ্যে চালু থাকা কোনও সামাজিক প্রকল্প বন্ধ হচ্ছে না।এছাড়া এই সরকার আমিত্বে চলে না, নীতিতে চলে বলে জানিয়ে দেন মুখ্যমন্ত্রী। শুভেন্দু অধিকারীর কথায়, 'এই সরকার আমিত্বে চলে না, নীতিতে চলে। নতুন সরকার মানুষের আস্থা, নিরাপত্তা এবং উন্নয়নকে সর্বোচ্চ গুরুত্ব দেবে। কেন্দ্রীয় সরকারের সমস্ত প্রকল্প রাজ্যে চালু হবে। তবে চালু থাকা কোনও প্রকল্প বন্ধ হবে না। রাজ্য সরকারের কর্মীদের ডিএ নিয়ে পরের বৈঠকে সিদ্ধান্ত হবে। ওই বৈঠকে সপ্তম বেতন কমিশন ও ডিএ নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।'এমনকী সোমবার পরবর্তী

এরপর ৩ পাতায়

# কোন মন্ত্রিত্ব পেলেন দিলীপ ঘোষ?



স্টাফ রিপোর্টার, রোজদিন

সোমবার মুখ্যমন্ত্রী হিসাবে প্রথম মন্ত্রিসভার বৈঠক করলেন শুভেন্দু অধিকারী। নবান্নের ১৪ তলায় মুখ্যমন্ত্রীর জন্য নির্দিষ্ট করে রাখা ঘরে এই বৈঠক হন। এই বৈঠকে শুভেন্দু অধিকারীর পাশাপাশি উপস্থিত ছিলেন, গত শনিবার ব্রিগেডের ময়দানে তাঁরই সঙ্গে শপথ নেওয়া ৫ মন্ত্রী। দিলীপ ঘোষ, অগ্নিমিত্রা পাল, অশোক কীর্তনিয়া, ক্ষুদিরাম টুডু এবং নিশীথ প্রামাণিক।

শুভেন্দু অধিকারীর নির্দেশ, ''দল নয় মানুষের কথাই শুনতে হবে। সব ধরনের দুর্নীতির বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। সাধারণ মানুষের কথা মন দিয়ে ধৈর্য্য ধরে শুনুন।''

আধিকারিকদের উদ্দেশে নতুন মুখ্যমন্ত্রীর বার্তা, ''কয়লা খাদান, বালি খাদান ও অবৈধ গোরুর হাট বন্ধ। অটো, টোটো স্ট্যান্ড থেকে কুপন ছাপিয়ে টাকা তোলা বন্ধ। ধাপে ধাপে আয়ুষ্মান প্রকল্পতে স্বাস্থ্যসাথী আনা হবে। ধাপে ধাপে নিয়ে আসা হবে অন্নপূর্ণা ভাণ্ডার, স্বাস্থ্য সাথীকে। সরকারি জমি দখল নিয়ে জেলাশাসকরা রিপোর্ট দেবেন।''এদিনের বৈঠক শেষে ৫ মন্ত্রীরই দফতর বণ্টন করা হয় বলে নবান্ন সূত্রের খবর।

গত শনিবার শুভেন্দু অধিকারী বাংলার প্রথম বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী পদে শপথ নেওয়ার পরেই শপথ নিয়েছিলেন বঙ্গ বিজেপির অন্যতম মুখ দিলীপ ঘোষ। তাঁকে নতুন সরকারে কোন

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# 'কোনও সরকারি চালু প্রকল্পের সুবিধা বন্ধ হবে না', বড় ঘোষণা মুখ্যমন্ত্রী শুভেন্দুর

মন্ত্রিসভার বৈঠক হবে বলেও জানিয়ে দেন মুখ্যমন্ত্রী। সেখানে বেশ কয়েকটি কড়া পদক্ষেপ করা হবে বলে খবর।

আজ সকাল থেকেই কাজ শুরু হয়ে গিয়েছে। গত সরকারের সময় একাধিক সামাজিক প্রকল্প চালু ছিল। সেগুলির ভবিষ্যৎ কী হবে? তা নিয়ে কৌতূহল ছিল সকলের। আর আজ মন্ত্রিসভার বৈঠক শেষে মুখ্যমন্ত্রী বড় ঘোষণা করে বলেন, 'কোনও সরকারি প্রকল্পের সুবিধা বন্ধ হবে না। আমরা প্রথম মন্ত্রিসভার বৈঠক করেছি। মন্ত্রিসভায় আমার পাঁচজন অত্যন্ত গুরুত্বপূর্ণ সতীর্থ উপস্থিত ছিলেন। ডবল ইঞ্জিন সরকার দলমত নির্বিশেষে সকলের জন্য কাজ করবে। এই সরকার ফর দ্য পার্টি, বাই দ্য পার্টি, অফ দ্য পার্টি ব্যবস্থা তুলে দিয়ে সংবিধান প্রণেতা বাবাসাহেব আম্বেদকরের প্রধান ভাষা ফর দ্য পিপল, বাই দ্য পিপল, অফ দ্য পিপল সেটাকেই মান্যতা দিয়ে চলবে।'

এদিন আগামী সোমবার মন্ত্রিসভার পরবর্তী বৈঠক হবে বলেও জানিয়ে দেন শুভেন্দু অধিকারী। নবান্ন থেকে সাংবাদিক বৈঠক করে মুখ্যমন্ত্রীর বার্তা, 'আগামী সোমবার আমরা মন্ত্রিসভার আরও একটি বৈঠক করব। আরজি কর-সহ নারী নির্যাতন, প্রাতিষ্ঠানিক দুর্নীতি, পে কমিশন, মহার্ঘ ভাতা (ডিএ), এরিয়ারের বিষয়ে আমরা ওই দিন আলোচনা করব। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা, প্রধানমন্ত্রী কৃষক বিমা যোজনা, পিএম শ্রী, বিশ্বকর্মা, বেটি বাঁচাও বেটি পড়াও, উজ্জ্বলা যোজনা-সহ একাধিক কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যকে সক্রিয় ভাবে যুক্ত করার প্রক্রিয়া শুরু হয়েছে। জেলাশাসকদের দ্রুত সমস্ত আবেদন কেন্দ্রীয় মন্ত্রককে পাঠানোর নির্দেশ দিয়েছে রাজ্য মন্ত্রিসভা।'

# অভিষেকের নিরাপত্তায় আরও কোপ, জেড প্লাস আর নয়, সাংসদ হিসাবে যেটুকু পাওয়ার সেটুকুই থাকবে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



নবান্নে পা রেখেই প্রশাসনিক সংস্কারে হাত দিয়েছেন নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আমলাদের সঙ্গে বৈঠকের রেশ কাটতে না কাটতেই এবার রাজনৈতিক নেতাদের নিরাপত্তা নিয়ে বড় সিদ্ধান্ত নিল নতুন সরকার। সোমবার বিকেলেই নির্দেশ জারি করা হয়েছে যে, তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন্য বরাদ্দ বিশাল নিরাপত্তা বাহিনী বা বিশেষ পাইলট কারের সুবিধা আর থাকছে না।সোমবার নবান্ন এই নির্দেশের কথা ঘোষণা করতেই, একদা কালীঘাট ঘনিষ্ঠ এক নেতা বলেন, এটা হওয়ারই ছিল। একুশের ভোটের পর শুভেন্দু অধিকারীর সঙ্গে যে প্রতিহিংসার রাজনীতি করেছে কালীঘাট ও ক্যামাক স্ট্রিট, তার মোক্ষম জবাব পাচ্ছে এবার। গত এক দশকের বেশি সময় ধরে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে 'জেড প্লাস' (Z+) ক্যাটাগরির নিরাপত্তা দেওয়া হয়েছিল। তাঁর যাতায়াতের সময়ে রাস্তা ব্লক করা থেকে শুরু করে কয়েক ডজন পুলিশ কর্মী ও কমান্ডো মোতায়েন থাকত।

সোমবার বিকেলে সব জেলার জেলা শাসক ও পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়ে দেন, কোনও রাজনৈতিক নেতার উপর হামলার আশঙ্কা না থাকলে অহেতুক নিরাপত্তা পাবেন না। কারও স্টেটাস দেখানোর জন্য সরকার অর্থের অপচয় করবে কেন?

এর পরই নবান্ন সূত্রে জানা যায়, এবার থেকে একজন সাধারণ সাংসদ হিসাবে যেটুকু নিরাপত্তা পাওয়ার সেটুকুই পাবেন ডায়মন্ড

এরপর ৪ পাতায়

(২ পাতার পর)

# কোন মন্ত্রিত্ব পেলেন দিলীপ ঘোষ?

দফতরের দায়িত্ব দেওয়া হয়, তা জানতে মুখিয়ে ছিলেন রাজনৈতিক মহল থেকে শুরু করে আপামর রাজ্যবাসী।

সোমবার নবান্নে শুভেন্দু অধিকারীর মন্ত্রিসভার বৈঠকের পরে জানা গিয়েছে, মন্ত্রী দিলীপ ঘোষকে দেওয়া হয়েছে গ্রামোন্নয়ন ও প্রাণিসম্পদ দফতর। এর পাশাপাশি, পঞ্চায়েত দফতরও সামলাবেন তিনি।

অন্যদিকে, বিজেপি সরকারের অন্যতম প্রধান মুখ অগ্নিমিত্রা পালকে দেওয়া হয়েছে নারী ও শিশু কল্যাণ দফতর। এর পাশাপাশি, পুর ও নগর উন্নয়ন দফতরও সামলাবেন অগ্নিমিত্রা। মতুয়া মুখ অশোক কীর্তনীয়াকে দেওয়া হয়েছে খাদ্য ও সরবরাহ দফতরের মতো গুরুত্বপূর্ণ দফতর। ক্ষুদিরাম টুডু দায়িত্ব পেলেন অনগ্রসর শ্রেণী কল্যাণ দফতরের।

প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিককে যে উত্তরবঙ্গ উন্নয়ন দফতরের দায়িত্ব দেওয়া হতে পারে, তা নিয়ে আলোচনা চলছিলই রাজনৈতিক মহলে। জানা গিয়েছে, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রক তো বটেই, পাশাপাশি, নিশীথ দায়িত্বে থাকবেন ক্রীড়া ও যুবকল্যাণ দফতরেরও।

এদিনের বৈঠকে মন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন উচ্চ পদস্থ সরকারি আধিকারিকেরা। সেখানে একগুচ্ছ কড়া নির্দেশ দেন মুখ্যমন্ত্রী শুভেন্দু। তাঁর কড়া হুঁশিয়ারি, সব থেকে কড়া পদক্ষেপ নেওয়া হবে দুর্নীতির ক্ষেত্রে। এক মাসের মধ্যে সমস্ত জেলা শাসকদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। নয়ত অন্য ব্যবস্থা নিতে হবে। কয়লা থেকে গরু পাচার সব ক্ষেত্রেই ব্যবস্থা নেওয়া হবে।

একমাস পরে আবার হবে পুনর্মূল্যায়ণ।

# সম্পাদকীয়

## রাজ্যে কবে থেকে চালু হচ্ছে অন্নপূর্ণা ভাণ্ডার

বাংলার বিধানসভা ভোটে দেওয়া প্রতিশ্রুতি রাখল বিজেপি সরকার। আগামী ১ জুন থেকে রাজ্যে চালু হচ্ছে অন্নপূর্ণা ভাণ্ডার। সঙ্গে ওইদিন থেকেই রাজ্যের মহিলারা বিনামূল্যে সরকারি বাসে যাতায়াত করতে পারবেন বলে আজ, সোমবার নবান্ন সভাঘর থেকে জানালেন মাটিগাড়া-নকশালবাড়ির জয়ী বিজেপি প্রার্থী আনন্দময় বর্মণ।একুশের বিধানসভা নির্বাচনে তৃণমূলের জয়ের অন্যতম কারণ ছিল লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের প্রতিশ্রুতি। তাঁকে চ্যালেঞ্জ জানিয়ে বঙ্গ বিজেপি প্রতিশ্রুতি হিসাবে রাখে অন্নপূর্ণা ভাণ্ডারকে। প্রতি মাসে মহিলাদের হাতে নগদ তিন হাজার টাকা সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে পৌঁছে যাবে, এই প্রতিশ্রুতিই বাংলায় বিধানসভা ভোটের আগে দিয়েছিলেন বিজেপির কেন্দ্রীয় থেকে রাজ্যের নেতারা। তাতে বিশ্বাস করে বিজেপির পক্ষে ঢেলে ভোট দিয়েছেন বাংলার মা-বোনেরা। আর সেই কথা মাথাতে রেখেই এদিন মন্ত্রিসভার প্রথম বৈঠকে এই সিদ্ধান্ত নিল বিজেপি সরকার। নবান্ন সূত্রে খবর, ইতিমধ্যেই অন্নপূর্ণা ভাণ্ডার নিয়ে যাবতীয় প্রশাসনিক কাজ শুরু করে দিয়েছেন আমলারা। লক্ষ্মীর ভাণ্ডারের পুরো ডেটা খতিয়ে দেখা হচ্ছে।

তিনি আরও জানিয়েছেন, আগামী ১ জুন থেকে বাংলাতেও এবার চালু হবে আয়ুষ্মান ভারত প্রকল্প। এই বিষয়ে বলতে গিয়ে আনন্দময় বর্মণ জানান, 'কেন্দ্রীয় সরকারের যেসব সুযোগ সুবিধা বাংলার মানুষ এতদিন পাননি, সেগুলি তাড়াতাড়ি পেয়ে যাবেন। আমাদের যেসব প্রতিশ্রুতি ছিল, যেমন অন্নপূর্ণা ভাণ্ডার জুন মাসের প্রথম থেকে বাংলার মা, দিদি, বোনেরা পেয়ে যাবেন। জুন থেকেই সরকারি বাসে বিনামূল্যে যাতায়াতের সুবিধাও পাবেন তাঁরা।'

এদিন নবান্নে প্রথম মন্ত্রিসভার বৈঠকে একগুচ্ছ সিদ্ধান্ত নেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তারপরেই সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, রাজ্যে বাম বা তৃণমূল আমলে যা যা সামাজিক প্রকল্প চালু হয়েছিল সবটাই চলবে। কোনও সামাজিক প্রকল্প বন্ধ করা হবে না। তারপরেই এদিন বিকেলে নবান্ন সভাঘরে দলের জয়ী প্রার্থীদের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সেখানেই তিনি মন্ত্রিসভার বৈঠকে যা যা সিদ্ধান্ত নেওয়া হয়, সবটা জানিয়ে দেন। আর সেখানেই তিনি স্পষ্ট জানান, অন্নপূর্ণা ভাণ্ডার, আয়ুষ্মান ভারত ও রাজ্যের মহিলাদের সরকারি বাসে বিনামূল্যে যাতায়াতের বিষয়টি আগামী ১ জুন থেকে শুরু হবে। ২০২৬-এর বিধানসভা ভোটে বঙ্গবাসীর মন জয়ে একাধিক প্রতিশ্রুতি দিয়েছিল গেরুয়া শিবির। আর সেই প্রতিশ্রুতিতে বিশ্বাস করেই বিজেপিকে হাত উপর করে ভোট দিয়েছে। আর বাংলার গণদেবতার সেই দানের মূল্য দিল গেরুয়া শিবির, এমনটাই মনে করছে রাজনৈতিক মহল।

# জঙ্গলের দেবী মা মনসা







**মৃত্যুঞ্জয় সরদার**

**(দ্বিতীয় পর্ব)**

,সে কথাই তুলে ধরি এই লেখার মাধ্যমে। এটা সবকিছু নিজের অনুভূতি বা উপলব্ধি ছাড়াই দিকদর্শন করাটাই মানুষের পক্ষে অসম্ভব। মানুষের অসাধ্য সাধনায় পৃথিবীর সবকিছুই সম্ভব। তাই সমস্ত জীবকুলের বিশ্বজুড়ে মানুষই হচ্ছে শ্রেষ্ঠ বুদ্ধিমান ।আর সেই কারণেই একটি প্রবাদ বাক্য আজও চিরন্তন সত্যের মতো কাজ করে চলেছে, যে যায় লঙ্কায়, সে হয় রাবণ। আর এই অত্যাচারীরা রাবনরা আমাকে ছোট থেকে অত্যাচার, অবিচার, অনাচার , কিনা করেনি! তবুও আমার কলমকে স্তব্ধ করতে পারিনি।

ক্রমশঃ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# অভিষেকের নিরাপত্তায় আরও কোপ, জেড প্লাস আর নয়, সাংসদ হিসাবে যেটুকু পাওয়ার সেটুকুই থাকবে

হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। অর্থাৎ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের গাইডলাইন মেনে যেটুকু নিরাপত্তা প্রাপ্য, সেটাই পাবেন। তাঁর সঙ্গে এখনও যে নিরাপত্তার বহর রয়েছে তা প্রত্যাহার করে নেওয়া হবে।

অভিষেকের নিরাপত্তার ছাঁটাই আগেই শুরু হয়েছিল। তাঁর বাসভবনে ও অফিসে কলকাতা পুলিশের যে স্ক্যানার ছিল তা সম্প্রতি তুলে নেওয়া হয়। বাড়ির বাইরে পুলিশ পোস্টও সরিয়ে দেওয়া হয়। এবার রাজ্য পুলিশের পক্ষ থেকে দেওয়া বিশেষ স্পেশাল সিকিউরিটি ইউনিট (SSU)-র বড় অংশই সরিয়ে নেওয়া হবে।

এমনিতে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নিরাপত্তা নিয়ে বাড়াবাড়ি দেখে তৃণমূলেরও অনেকের মধ্যে গাত্রদাহ ছিল। অনেক প্রবীণ নেতাই মনে করতেন, এটা বেশি ঔদ্ধত্য হয়ে যাচ্ছে। অথচ কারও বলার জো ছিল না। কারণ, তাঁরা জানতেন মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রশ্রয়েই এই বাড়াবাড়ি।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

আর এসব উত্তর খুঁজে পেতে বহু পত্র-পত্রিকা রাতের মধ্যে পড়ে শেষ করতে হলো।শনিদেব আসলে কে এটা নিয়ে আজ আমার কলমে আপনাদের সামনে তুলে ধরছি। সৌর মণ্ডলে স্থিত পৃথিবী থেকে ৮৯০০০০০০ মাইল দূরে অবস্থিত এবং সূর্য থেকে এর দুরত্ব ৮৮৬০০০০০০ মাইল দূরে শনি গ্রহের স্থিতি। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# প্রথম ক্যাবিনেট বৈঠকে মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারীর গুরুত্বপূর্ণ ঘোষণা

**স্মৃতি সামন্ত, কলকাতা**



আজ নবান্নে অনুষ্ঠিত পশ্চিমবঙ্গ সরকারের প্রথম ক্যাবিনেট বৈঠকের পর মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারী রাজ্যের প্রশাসনিক দিশা, সুশাসন, সীমান্ত সুরক্ষা, কেন্দ্রীয় প্রকল্প বাস্তবায়ন এবং সাংবিধানিক শাসনব্যবস্থা নিয়ে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা ঘোষণা করেন।

মুখ্যমন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গে "সুশাসন, সুরক্ষা এবং ডাবল ইঞ্জিন সরকারের" যে নতুন যাত্রা শুরু হয়েছে, তা দেশের অন্যান্য বিজেপি শাসিত রাজ্যের উন্নয়নের পথ অনুসরণ করেই এগোবে।

সীমান্ত সুরক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে বিএসএফ-এর প্রয়োজনীয় জমি হস্তান্তরের প্রক্রিয়া অবিলম্বে শুরু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভূমি ও রাজস্ব সচিব এবং মুখ্য সচিবকে আগামী ৪৫ দিনের মধ্যে জমি হস্তান্তর সম্পূর্ণ করার নির্দেশ দেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার আনুষ্ঠানিকভাবে *আয়ুষ্মান ভারত* প্রকল্পে যুক্ত হওয়ার সিদ্ধান্ত নিয়েছে। স্বাস্থ্য সচিব এবং মুখ্যমন্ত্রীর দফতরের উপদেষ্টাকে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের সঙ্গে দ্রুত প্রয়োজনীয় চুক্তি সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে।

*প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা, প্রধানমন্ত্রী কৃষক বীমা যোজনা, পিএম শ্রী, বিশ্বকর্মা, বেটি বাঁচাও বেটি পড়াও, উজ্জ্বলা যোজনা* সহ একাধিক কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যকে সক্রিয়ভাবে যুক্ত করার প্রক্রিয়া শুরু হয়েছে।

যুব সমাজের কর্মসংস্থানের সুযোগ বাড়াতে সরকারি চাকরির আবেদনের সর্বোচ্চ বয়সসীমা ৫ বছর বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, পূর্ববর্তী সরকার জনগণনা সংক্রান্ত কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের ১৬ জুন, ২০২৫-এর নির্দেশ দীর্ঘদিন কার্যকর করেনি। বর্তমান সরকার অবিলম্বে সেই প্রশাসনিক নির্দেশ কার্যকর করেছে।

মুখ্যমন্ত্রী বলেন, *"এই সরকার আমিত্বে চলে না, নীতিতে চলে।"* তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর *"ভয় আউট, ভরসা ইন"* বার্তার উল্লেখ করে বলেন, নতুন সরকার মানুষের আস্থা, নিরাপত্তা এবং উন্নয়নকে সর্বোচ্চ গুরুত্ব দেবে।

চালু থাকা সামাজিক কল্যাণকর কর্মসূচি এই সরকার বন্ধ করবে না। কিন্তু স্বচ্ছ প্রক্রিয়ায় সেটি চলবে। কোনও মৃত ব্যক্তি, কোনও অভারতীয়, অবৈধ ব্যক্তির সুযোগ পাবেন না।

বিএসএফ-এর জন্য প্রয়োজনীয় সমস্ত জমি দেওয়া হবে বলেও মুখ্যমন্ত্রী পুনরায় আশ্বাস দেন। তিনি বলেন, পূর্ববর্তী সরকার অবৈধ অনুপ্রবেশকারীদের স্বার্থে কেন্দ্রীয় সরকার ও আদালতের নির্দেশ উপেক্ষা করেছিল।

# অবৈধ বালি, কয়লা খাদান বন্ধ করতে বীরভূমের জেলাশাসককে নির্দেশ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দুর্নীতির ক্ষেত্রে কোনও ছাড় নয় বলে সাফ জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সোমবার মন্ত্রিসভার প্রথম বৈঠকের পরেই এই কথা জানান মুখ্যমন্ত্রী। এই প্রসঙ্গে শুভেন্দু অধিকারী বলেন, "সব থেকে কড়া পদক্ষেপ নেওয়া হবে দুর্নীতির ক্ষেত্রে। এক মাসের মধ্যে সমস্ত জেলা শাসকদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।প্রসঙ্গত, পূর্বতন সরকারের বিরুদ্ধে একাধিকবার দুর্নীতির অভিযোগ তুলেছিল বিরোধীরা। সেই সময় এসএসসি দুর্নীতিতে জেলে গিয়েছিলেন তৎকালীন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, রেশন দুর্নীতিতে গ্রেফতার হন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক থেকে অনুব্রত মণ্ডল-সহ একাধিক তৃণমূল নেতা-মন্ত্রী। আর নতুন বিজেপি সরকার ক্ষমতায় আসার পরেই তাঁদের প্রত্যেকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি। একই সঙ্গে অবৈধ কয়লা খাদান থেকে গরুর হাট সব জিনিসই বন্ধ করে দেওয়া হবে জানান তিনি। এই প্রসঙ্গে তিনি বলেন, "কয়লা খাদান, বালি খাদান ও অবৈধ গরুর হাট বন্ধ। অটো, টোটো স্ট্যান্ড থেকে কুপন ছাপিয়ে টাকা তোলা বন্ধ। ধাপে ধাপে আয়ুষ্মান প্রকল্পতে স্বাস্থ্যসাথী আনা হবে। ধাপে ধাপে নিয়ে আসা হবে অন্নপূর্ণা ভান্ডারে, স্বাস্থ্যসাথীকে আনা হবে। সরকারি জমি দখল নিয়ে জেলাশাসকরা রিপোর্ট দেবেন।"নয়ত অন্য ব্যবস্থা নিতে হবে।"

মূলত অবৈধ বালি খাদান এবং কয়লা খাদান বন্ধের জন্য কড়া নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু। অবৈধ বালি খাদান বন্ধের জন্য বীরভূমের জেলাশাসককে বিশেষ নির্দেশ দেওয়া হয়েছে।

একইসঙ্গে তিনি বলেন, "কয়লা, গরু পাচার সব ক্ষেত্রেই ব্যবস্থা নেওয়া হবে। একমাস পরে আবার পুনর্মূল্যায়ন। দল নয় মানুষের কথাই শুনতে হবে। সব ধরণের দুর্নীতির বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। সাধারণ মানুষের কথা মন দিয়ে ধৈর্য্য ধরে শুনুন।"

# নবান্নে পুলিশকে স্পষ্ট বার্তা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



পশ্চিমবঙ্গ সরকারে শুরু হল শুভেন্দু-যুগ। মুখ্যমন্ত্রী হিসেবে সোমবার প্রথমবার নবান্নে প্রবেশ করলেন শুভেন্দু অধিকারী। দেওয়া হল গার্ড অফ অনার। আর প্রথম দিনই, শপথ নেওয়া বিজেপি সরকারের ৫ মন্ত্রীর সঙ্গে বৈঠক করলেন মুখ্যমন্ত্রী। নেওয়া হল একাধিক সিদ্ধান্ত। একইসঙ্গে পুলিশকেও ফ্রি হ্যান্ড কাজ করার বার্তা দিলেন রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী।সূত্রের খবর, বৈঠকে পুলিশের শীর্ষস্থানীয় কর্তাদের মুখ্যমন্ত্রী বলেন, আগে যেমন ছিল যে বিরোধীদের সঙ্গে কথা বলতে পারবেন না, এবার থেকে আর তেমন কোনও বিষয় নেই। প্রয়োজন হলে যে কোনও দলের , যে কোনও জেলার নেতাদের সঙ্গে কথা বলতে পারেন। পুরনো অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নিন। আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। আইন মেনে চলুন, আইনের আওতায় থেকে কাজ করুন। গত ১৫ বছরে অনেক কিছু করেছেন, সেগুলো আমিও ভুলে যাচ্ছি, আপনারাও ভুলে যান। মমতা বন্দ্যোপাধ্যায়ের নিরাপত্তা একইরকম বহাল থাকবে। উনি তিন বারের মুখ্যমন্ত্রী। সেইসঙ্গে দেখবেন ওনার যেন কোনও অসম্মান না হয়। বাড়ির সামনে গিয়ে কেউ যেন অসুবিধা না করতে পারে। একইসঙ্গে মুখ্যমন্ত্রী পুলিশকে এও স্পষ্ট করে দেন যে, সিন্ডিকেট, বালি, কয়লা, পাথর-সহ সব বন্ধ করে দিন। যদি এরপরেও চলে, তাহলে ওসি সাসপেন্ড হবেন। পুলিশ সুপারের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।নবান্নে গিয়েই পুলিশকে স্পষ্ট বার্তা দিয়ে শুভেন্দু অধিকারী বলেন, 'স্বাধীনভাবে কাজ করুন। কাজের প্রয়োজনে সবার সঙ্গেই কথা বলুন। শাসক কিংবা বিরোধী-কথা বলতে পারেন সবার সঙ্গেই। কাজ করুন নির্ভয়ে, নিশ্চিন্তে, কড়া পদক্ষেপ নিন। দাগি দুষ্কৃতীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিন।' DG, CP, SP-দের সঙ্গে বৈঠকে বার্তা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। তিনি আরও বলেন, 'দাগি দুষ্কৃতীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিন। কোনও পুলিশকে টার্গেট করা হবে না। ২০২১, ২০২৩-এ ভোট পরবর্তী সন্ত্রাসের মামলা। চার্জশিট না দিয়ে ধামাচাপা দেওয়া মামলা আবার খুলুন। আগের স্টাইলে নয়, বদলটা খুব জরুরি।'

মন্ত্রিসভার বৈঠকের পর সোমবার নবান্নে পুলিশের শীর্ষকর্তাদের সঙ্গে বৈঠকে বসলেন মুখ্যমন্ত্রী। পুলিশকে দিলেন হাত খুলে কাজ করার ছাড়পত্র। আর কোনও বাধ্যবাধকতার মধ্যে থেকে নয়, শুভেন্দু অধিকারী স্পষ্ট করে দিলেন, পুলিশ এবার থেকে কাজ করতে পারবে স্বাধীনভাবেই। এদিন নবান্নে বৈঠকে উপস্থিত ছিলেন, রাজ্য পুলিশের ডিজি, কলকাতা পুলিশ ও অন্যান্য কমিশনারেটের সিপি, আইজি, ও এসপি-রা।

## অপারেশন সিন্দুর - ৭-১০ মে ৮৮ ঘন্টার স্মারক দৌড়

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতীয় বিমানবাহিনী নতুন দিল্লিতে ৭-১০ মে অপারেশন সিন্দুর স্মারক দৌড়ের আয়োজন করে। ৮৮ ঘন্টার এই দৌড় সফল বিমান অভিযানের বর্ষপূর্তি উপলক্ষে আয়োজন করা হয়। ভারতীয় বিমানবাহিনী ও সেনাবাহিনীর প্রত্যেক কম্যান্ড থেকে মোট ৬০০ জন দৌড়বিদ এই আয়োজনে অংশ নেন। ৭ মে ইন্ডিয়া গেট থেকে এই দৌড় শুরু হয়। ব্রিগেডিয়ার হোসিয়ার সিং মার্গ, বিমানবাহিনীর সদর দপ্তর বায়ু ভবন, নেহরু পার্ক, নিউ মোতিবাগ রোড হয়ে ১০ মে নতুন দিল্লির এয়ারফোর্স স্টেশনে এটি শেষ হয়। প্রতিরক্ষা বাহিনী সম্পর্কে মানুষের কাছে তথ্য পৌঁছে দেওয়া এই দৌড়ের উদ্দেশ্য ছিল।

(১ম পাতার পর)

# সুজিত বসু গ্রেফতার

ফলঘোষণার পরে এই প্রথম বার ইডির দফতরে হাজিরা দিলেন তিনি। সঙ্গে ছিলেন তাঁর আইনজীবী। ইডি সূত্রে খবর, পুরনিয়োগ দুর্নীতি মামলায় তদন্তে দক্ষিণ দমদম পুরসভায় বেআইনি ভাবে চাকরীপ্রাপকদের নাম সুপারিশ করার ঘটনায় তাঁকে তলব করা হয়েছিল। সেই মামলাতে সোমবার রাত সওয়া ৯টা নাগাদ গ্রেফতার করা হল বিধাননগর বিধানসভা কেন্দ্রের সদ্য-পরাজিত বিধায়ককে।

রাতে ইডি দফতরের বাইরে বেরিয়ে সুজিতের আইনজীবী জানান তৃণমূল নেতার পুত্র সমুদ্র বসু এখনও ইডি দফতরেই রয়েছেন। বিধানসভা ভোটের আগে একাধিক বার ইডি তলব করেছিল বিধাননগর কেন্দ্রের তৃণমূল প্রার্থী সুজিতকে। কিন্তু ভোটের কাজে ব্যস্ততার জন্য তিনি হাজিরা দিতে পারেননি। আদালতেও তা জানিয়েছিলেন। পরে হাই কোর্টের নির্দেশ মতো সল্টলেকের সিজিও কমপ্লেক্সে ইডির দফতরে গিয়ে হাজিরা দেন সুজিত। এর আগে সুজিতের বাড়ি এবং অফিসে হানা দিয়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। তাঁদের যে ধাবাটি রয়েছে, সেখানেও ইডির অভিযান চলে।

## প্রধানমন্ত্রী সোমনাথে ভারতীয় বায়ুসেনার সূর্যকিরণ দলের শ্বাসরুদ্ধকর উড়ান প্রদর্শনী দেখলেন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পবিত্র সোমনাথ অমৃত মহোৎসব উপলক্ষ্যে ভারতীয় বায়ুসেনার সূর্যকিরণ এরোবেটিক দলের শ্বাসরুদ্ধকর উড়ান প্রদর্শনী দেখলেন।

প্রধানমন্ত্রী তুলে ধরেছেন যে, আকাশে গর্ব এবং শৌর্যের অত্যাশ্চর্য সঙ্গম সোমনাথ মন্দিরের ওপর গেরুয়া এবং তিন রং ছড়িয়ে দিয়েছে আকাশে। শ্রী মোদী আরও বলেন, এই চোখ ধাঁধানো দৃশ্য ভক্তি ও শক্তির ভাবনা প্রত্যেকের হৃদয় পূর্ণ করে দিয়েছে গভীর আনন্দে এবং প্রত্যেক ভারতীয়কে গর্বিত করেছে।

এক্স-এ একগুচ্ছ পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন :

"আজ সোমনাথে আকাশ সাক্ষী থাকল গর্ব এবং শৌর্যের চোখ ধাঁধানো সঙ্গমে। ভারতীয় বায়ু সেনার সূর্যকিরণ দল শ্বাসরুদ্ধকর উড়ান প্রদর্শন করল। ভক্তি এবং শক্তির এই ভাবনা প্রত্যেকের হৃদয় পূর্ণ করে দিল গভীর আনন্দে।"

# সিনেমার খবর

cinema TV

## ‘তোমার সিনেমা আমাকে ছাড়া হবে না’, রিতেশকে সালমান

স্টাফ রিপোর্টার, রোজদিন





মারাঠা সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ছত্রপতি শিবাজী মহারাজের বীরত্বগাথা নিয়ে নির্মিত ঐতিহাসিক প্রেক্ষাপটের সিনেমা ‘রাজা শিবাজি’ আগামীকাল প্রেক্ষাগৃহে মুক্তি পেতে যাচ্ছে। সিনেমাটিতে নামভূমিকায় অভিনয়ের পাশাপাশি পরিচালনাও করেছেন রিতেশ দেশমুখ।

ছবিতে অন্যতম বড় চমক হিসেবে থাকছেন বলিউড সুপারস্টার সালমান খান। সম্প্রতি একটি সাক্ষাৎকারে রিতেশ ফাঁস করেছেন, কীভাবে কোনো অনুরোধ ছাড়াই সালমান নিজে থেকে এই সিনেমায় অভিনয়ের প্রস্তাব দিয়েছিলেন।

রিতেশ জানান, তিনি প্রথম দিকে সালমানের কথা মাথায় রাখেননি। ইংরেজি নববর্ষের এক আড্ডায় সালমান যখন শুটিংয়ের খোঁজ নেন, তখন রিতেশ জানান যে চলতি মাসেই কাজ শুরু হচ্ছে। এরপরই সালমান সটান প্রশ্ন করেন, আমি কোন চরিত্রে অভিনয় করছি? রিতেশ অপ্রস্তুত হয়ে জানান যে তিনি এখনো এ বিষয়ে কিছু ভাবেননি। তখন সালমান অনেকটা অধিকারের সুরেই বলেন, না, না, না... আমাকে ছাড়া তুমি এই সিনেমা বানাতে পারবে না। আমাকে এতে থাকতেই হবে। সালমানের এই আন্তরিকতা এবং ভালোবাসায় রিতেশ রীতিমতো অভিভূত হয়ে পড়েন। এর আগে রিতেশের মারাঠি অভিষেক সিনেমা ‘লাই ভারি’ এবং পরিচালক হিসেবে প্রথম সিনেমা ‘ভেড’-এও সালমান গুরুত্বপূর্ণ ক্যামিও চরিত্রে অভিনয় করেছিলেন।

দীর্ঘ ১০ বছরের চড়াই-উতরাই পেরিয়ে পর্দায় আসছে ‘রাজা শিবাজি’। ট্রেলার লঞ্চ অনুষ্ঠানে রিতেশ আবেগাপ্লুত হয়ে বলেন, ২০১৬ সাল থেকেই তিনি এই সিনেমাটি বানানোর স্বপ্ন দেখছেন। কিন্তু নানা প্রতিকূলতা এবং করোনার কারণে বারবার পরিকল্পনা পিছিয়ে যায়। তার ভাষায়, শিবাজী মহারাজ যেন তাকে বলছিলেন যে সঠিক সময়ের জন্য অপেক্ষা করো।

সিনেমাটিতে রিতেশ ও সালমান ছাড়াও অভিষেক বচ্চন, বিদ্যা বালান, সঞ্জয় দত্ত এবং বোমান ইরানির মতো তারকারা অভিনয় করেছেন। এ ছাড়া এই সিনেমার মাধ্যমেই বড় পর্দায় অভিষেক ঘটছে রিতেশের ১০ বছর বয়সী ছেলে রাহিলের।

জিও স্টুডিওর নিবেদনে মুম্বাই ফিল্ম কোম্পানির ব্যানারে সিনেমাটি প্রযোজনা করেছেন জ্যোতি দেশপান্ডে এবং জেনেলিয়া দেশমুখ।

## ভিন্ন পরিচয়ে দেখা মিলবে রাশমিকার



স্টাফ রিপোর্টার, রোজদিন

আগামী ২৩ মে জাপানের টোকিওতে অনুষ্ঠিতব্য ‘১০ম গ্লোবাল অ্যানিমে অ্যাওয়ার্ডস’ অনুষ্ঠানে সঞ্চালক হিসেবে দেখা যাবে দক্ষিণী সিনেমা ইন্ডাস্ট্রির জনপ্রিয় অভিনেত্রী রাশমিকা মান্দানাকে। আন্তর্জাতিক মঞ্চে আবারও ভারতের প্রতিনিধিত্ব করতে যাচ্ছেন তিনি। এর আগে ২০২৪ সালে এই মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে অংশ নিয়ে ইতিহাস গড়েছিলেন অভিনেত্রী। এবার দ্বিতীয়বারের মতো ফিরছেন রাশমিকা মান্দানা। এবারের আসরের অন্যতম বড় আকর্ষণ হচ্ছে বিশ্বখ্যাত সংগীতশিল্পী আবেল টেসফায়ে, যিনি দ্য উইকেন্ড নামে পরিচিত।

উল্লেখ্য, রাশমিকা মান্দানা ২০১৬ সালে কন্নড় সিনেমা 'কিরিক পার্টি'-এর মাধ্যমে অভিনয়ে অভিষেক হয়। এ সিনেমার সাফল্যের পর তিনি 'চলো' (২০১৮) সিনেমার মাধ্যমে তেলুগু ইন্ডাস্ট্রিতে প্রবেশ করেন। একজন অত্যন্ত জনপ্রিয় অভিনেত্রী, যিনি মূলত তেলুগু ও কন্নড় সিনেমার পাশাপাশি বর্তমানে হিন্দি ও তামিল সিনেমাতেও নিয়মিত কাজ করছেন। সম্প্রতি ব্যক্তিগতজীবন নিয়েও আলোচনায় ছিলেন এ অভিনেত্রী। দীর্ঘদিনের প্রেমিক বিজয়ের সঙ্গে বিয়ে সেরে হানিমুন শেষে ইতোমধ্যে কাজে ফিরেছেন রাশমিকা মান্দানা। তাকে সর্বশেষ দেখা গেছে ‘দ্য গার্লফ্রেন্ড’ সিনেমায়।

বর্তমানে তার হাতে রয়েছে একাধিক নতুন প্রজেক্ট। আগামী ১৯ জুন মুক্তি পাবে তার নতুন হিন্দি সিনেমা ‘ককটেল টু’। এতে তার বিপরীতে অভিনয় করেছেন শাহিদ কাপুর। আরও আছেন কৃতি শ্যানন। এ ছাড়া চলতি বছর মুক্তির অপেক্ষায় রয়েছে তার দুটি তেলেগু সিনেমা ‘মাইসা’ ও ‘রণবালী’।

## ছবি ফ্লপ, তাই পারিশ্রমিক নেননি শাহরুখ খান

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড সুপারস্টার শাহরুখ খানকে ঘিরে প্রায় দুই দশক আগের এক ঘটনা সামনে এনেছেন প্রযোজক কেসি বোকাদিয়া। ২০০২ সালে মুক্তিপ্রাপ্ত হাম তুমহারে হ্যায় সনম ছবির ব্যর্থতার পর পারিশ্রমিক না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন এই অভিনেতা।

প্রযোজকের দাবি, ছবিটির জন্য প্রায় ৯৫ লাখ টাকা পারিশ্রমিক চেয়েছিলেন শাহরুখ। তবে মুক্তির পর ছবিটি প্রত্যাশা অনুযায়ী ব্যবসা করতে না পারায় আর্থিক চাপে পড়েন নির্মাতা।

এমন পরিস্থিতিতে প্রযোজক যখন বাকি পারিশ্রমিক পরিশোধের কথা তোলেন, তখনই তা নিতে অস্বীকৃতি জানান শাহরুখ খান। তিনি জানান, এই অর্থ অন্যভাবে উপার্জন করা তার পক্ষে সম্ভব, কিন্তু প্রযোজককে তা দিতে গেলে বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়তে হতে পারে যা তিনি চাননি।

প্রযোজক একাধিকবার পারিশ্রমিক দেওয়ার চেষ্টা করলেও শাহরুখ তা নেননি বলেও জানান তিনি।

উল্লেখ্য, ছবিটিতে শাহরুখ খানের সঙ্গে অভিনয় করেছিলেন সালমান খান ও মাধুরী দীক্ষিত। তারকাবহুল এই ছবি মুক্তির আগে ব্যাপক আলোচনায় থাকলেও শেষ পর্যন্ত বক্স অফিসে তেমন সাফল্য পায়নি।

# ‘একাই একশো’ ভুবনেশ্বর, টানটান থ্রিলারে মুম্বই বধ আরসিবির!

স্টাফ রিপোর্টার, রোজদিন



এই না হলে আইপিএল ম্যাচ! শেষ বলে জয়ের জন্য দরকার ২ রান। ক্রিজে ভুবনেশ্বর কুমার ও রশিখ সালাম দার। বোলিংয়ে আরও এক অনভিজ্ঞ বোলার রাজ বাওয়া, যিনি আইপিএলে ৪ বছর আগে অভিষেক করলেও এই প্রথম বোলিং করলেন। তার উপর শেষ ওভারের চাপ, তাঁর মতো একজন শিক্ষানবীশের ক্ষেত্রে সামলানোও কঠিন। হলও তাই। ২ উইকেটে জিতে মুম্বইয়ের আইপিএলে প্লে-অফে ওঠার স্বপ্ন চুরমার করে দিল আরসিবি।

টসে জিতে প্রথমে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নিয়েছিল আরসিবি। আজ ব্যর্থ হলেন রিকলটন। ৩ ওভারের মধ্যে ২৮ রানের মধ্যে ৩ উইকেট হারিয়ে চাপে পড়ে গিয়েছিল মুম্বই। হিটম্যান রোহিত শর্মা আজ করলেন ১০ বলে ২২। প্রথম বলেই আউট হলেন সূর্যকুমার যাদব। আজকের ম্যাচে হার্দিক না থাকায় অধিনায়ক ছিলেন সূর্য। এরপরেই দলকে টেনে তুললেন নমন ধীর (৪৭) ও তিলক ভার্মা (৫৭)। তবে তাঁরা আউট হতেই আবার যে কে সেই। ৭ উইকেট হারিয়ে নির্ধারিত ২০ ওভারে মুম্বই করেছে ১৬৬। ৪ উইকেট পেয়েছেন ভুবনেশ্বর কুমার।

ব্যাটে নেমে প্রথম ওভারেই গোল্ডেন ডাক করে আউট হন বিরাট কোহলি। এই নিয়ে টানা দুই ম্যাচে শূন্য রানে আউট হলেন বিরাট। আর এক ওপেনার জেকব বেথেল করলেন ২৭ রান। দেবদত্ত পাদিক্কাল করলেন ১২ রান। তারপরই রায়পুরে শুরু ক্রুণাল শো। ৪৬ বলে ৭৩ করলেন হার্দিকের দাদা। একসময় ব্যাট করতে পারছিলেন না ক্র্যাম্পের জন্য, তবুও মাটি কামড়ে পড়ে ছিলেন তিনি। ১৯তম ওভারে মাত্র ৩ রান দিলেন বুমরা। শেষ ওভারে জয়ের জন্য প্রয়োজন ছিল ১৬ রান। ৩ বল বাকি থাকতে আউট হলেন রোমারিও শেপার্ড (৪)। ভুবনেশ্বর কুমার এসে প্রথম বলটাই পাঠিয়ে দিলেন বাউন্ডারির বাইরে। ১ বলে দরকার ছিল ২ রান। রিকলটন সহজ রান আউট মিস করতেই উল্লাস শুরু করলেন আরসিবি সমর্থকরা। রুদ্ধশ্বাস ম্যাচ জিতে লিগ টেবিলের ফার্স্ট বয় বেঙ্গালুরু। আজকের ম্যাচ যেন একাধারে ভুবিরই ম্যাচ। বলে নিলেন ৪ উইকেট, ব্যাটে এসে জেতালেন তিনি। একই সঙ্গে ২১ উইকেট নিয়ে পার্পল ক্যাপের অধিকারী হলেন ভুবি। সব মিলিয়ে যেন একাই একশো ভুবি।

এই হারের সঙ্গে মুম্বইয়ের প্লে-অফ যাত্রা যেমন শেষ, তেমনই প্লে-অফের দোরগোড়ায় দাঁড়িয়ে কোহলিরা। বাকি ৩ ম্যাচে প্রয়োজন মাত্র ১ জয়। তাহলেই শেষ চারে উঠে যাবে গতবারের চ্যাম্পিয়নরা। তবে ভাল পারফরম্যান্স দরকার প্রথম বা দ্বিতীয় স্থানে থাকার জন্য। তাহলেই প্লে অফে এক ম্যাচ হারলেও সুযোগ থাকবে কামব্যাক করার। আর কোহলিরা যে কামব্যাক করতে পছন্দ করেন, এটা তো সর্বজনবিদিত।

## ১৩ ম্যাচ নিষিদ্ধ জারাগোজার আর্জেন্টাইন গোলরক্ষক



স্টাফ রিপোর্টার, রোজদিন

স্প্যানিশ ফুটবলে শৃঙ্খলাভঙ্গের ঘটনায় বড় শাস্তির মুখে পড়েছেন এস্তেবান আন্দ্রাদা। রিয়াল জারাগোজার এই আর্জেন্টাইন গোলরক্ষককে ১৩ ম্যাচের জন্য নিষিদ্ধ করেছে রয়্যাল স্প্যানিশ ফুটবল ফেডারেশন।

গত রবিবার দ্বিতীয় স্তরের লিগে হুয়েস্কার বিপক্ষে ডার্বি ম্যাচে প্রতিপক্ষ ডিফেন্ডার জর্জ পুলিদোর মুখে ঘুষি মারার ঘটনায় এই শাস্তি দেওয়া হয়। ম্যাচ চলাকালে প্রথমে ফাউলের জন্য লাল কার্ড দেখেন আন্দ্রাদা। এরপর ক্ষোভের বশে পুলিদোকে আঘাত করলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে।

শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, সরাসরি আক্রমণের জন্য আন্দ্রাদাকে ১২ ম্যাচ এবং লাল কার্ডের কারণে অতিরিক্ত ১ ম্যাচ নিষিদ্ধ করা হয়েছে। ফলে চলতি মৌসুমে আর মাঠে নামা হচ্ছে না তার।

এই নিষেধাজ্ঞা জারাগোজার জন্য বড় ধাক্কা, কারণ দলটি বর্তমানে অবনমন এড়ানোর লড়াইয়ে রয়েছে। একই সঙ্গে ক্লাব ও খেলোয়াড়, উভয়কেই আর্থিক জরিমানার মুখে পড়তে হয়েছে।

ঘটনার পর আন্দ্রাদা নিজের ভুল স্বীকার করে বলেন, 'আমি যা করেছি তা ভুল। ক্লাব, সমর্থক এবং একজন পেশাদার হিসেবে এটি ভালো বার্তা নয়। আমি আন্তরিকভাবে দুঃখিত।'

এ ঘটনায় আরও দুই খেলোয়াড় লাল কার্ড দেখেন। তারা হলেন হুয়েস্কার গোলরক্ষক দানি হিমিনেজ (৪ ম্যাচ নিষেধাজ্ঞা) এবং জারাগোজার দানি তাসেনদে (২ ম্যাচ নিষেধাজ্ঞা)। ম্যাচে ১-০ ব্যবধানে জয় পায় হুয়েস্কা।

## ড্রেসিং রুমে ভ্যাপিং: রিয়ান পরাগের জরিমানা



স্টাফ রিপোর্টার, রোজদিন

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে (আইপিএল) ড্রেসিং রুমে ই-সিগারেট বা ভ্যাপিং করার ঘটনায় শাস্তির মুখে পড়েছেন রিয়ান পারাগ। তার ম্যাচ ফির ২৫ শতাংশ জরিমানা করা হয়েছে এবং একই সঙ্গে একটি ডিমেরিট পয়েন্টও যুক্ত করা হয়েছে।

ঘটনাটি ঘটে গত মঙ্গলবার, সেদিন পাঞ্জাব কিংসের বিপক্ষে রাজস্থান রয়্যালস ৬ উইকেটে জয় পায়। ম্যাচ চলাকালীন রান তাড়ার সময় ড্রেসিং রুমে পারাগকে ভ্যাপিং করতে দেখা যায়, যা পরে ক্যামেরায় ধরা পড়ে এবং সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। ভারতে ই-সিগারেটের ব্যবহার, বিক্রি, উৎপাদন, আমদানি ও বিজ্ঞাপন নিষিদ্ধ। বিষয়টি সামনে আসার পর ব্যাপক সমালোচনা শুরু হয়।

বোর্ড অব কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া বৃহস্পতিবার এক বিবৃতিতে জানায়, রিয়ান পারাগ আইপিএলের আচরণবিধির ২.২১ ধারা লঙ্ঘন করেছেন। এই ধারা এমন আচরণের সঙ্গে সম্পর্কিত যা ক্রিকেটের সুনাম ক্ষুণ্ণ করে।

রাজস্থান রয়্যালসের অধিনায়ক পারাগের বার্ষিক পারিশ্রমিক প্রায় ১৪ কোটি রুপি, যেখানে তার ম্যাচ ফি প্রায় ১ কোটি রুপি। ফলে ২৫ শতাংশ জরিমানায় প্রায় ২৫ লাখ রুপি কেটে নেওয়া হবে বলে ধারণা করা হচ্ছে।

চলতি আইপিএলে ব্যাট হাতে ফর্মে নেই পারাগ। ৯ ম্যাচে এখনো তিনি বড় কোনো ইনিংস খেলতে পারেননি। তবে তার দল ৯ ম্যাচের মধ্যে ৬টি জিতে পয়েন্ট তালিকায় চার নম্বরে অবস্থান করছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR